



ञानाड़ित काउकात्रथाना

निरकामारे वाञ्च



<u>रूलनश्रीय</u> द्विन्या

অনুবাদক অরুণ সোম ছবি এ'কেছেন বরিস কালাউশিন









কোন এক র্পকথার শহরে বাস করত টুকুনরা। তারা কিনা ছিল এক্কেবারে এইটুকুন, তাই তাদের বলা হত টুকুন। একেকটি টুকুন লম্বায় ছোট একেকটি শসার সমান। তাদের শহরটা ছিল ভারী স্কুনর। প্রত্যেকটি বাড়ির চারপাশে ফুটে থাকত গাঁদা, মল্লিকা, যাই — এই রকম কতই না ফুল! সেখানে রাস্তাঘাটের নাম পর্যন্ত ছিল ফুলের নামে — এই যেমন, ঘণ্টাফুল ঘাট, গাঁদাফুল তলা, ঝুমকোফুল সর্রাণ — এমনি সব। আর শহরটার নাম ছিল ফুলনগরী। একটা ছোট নদীর পাড়ে এই ফুলনগ্রী। টুক্বনরা সে নদীর নাম দিয়েছে শসানদী — নদীর পাড়ে অনেক শসা জন্মাত কিনা তাই।

নদীর ওপাড়ে বন। টুকুনরা গাছের বাকল দিয়ে খালে খালে নোকো বানিয়ে নদী পার হয়ে বনে যেত বানো ফল, ব্যাঙের ছাতা আর বাদালে খোঁজে। গাছ থেকে বানো ফল পাড়তে অস্ক্রিধা হত, কেননা টুকুনরা ছিল এই একর্রান্ত, আর বাদাম পাড়তে গেলে তাদের উঠতে হত উচ্চু বাদামঝাড়ের গা বয়ে, শাধ্য কি তাই? — সঙ্গে নিতে হত



করাত। টুকুনদের কেউই গাছ থেকে হাত দিয়ে বাদাম ছি'ড়তে পারত না — করাত দিয়ে কাটত। ব্যাঙের ছাতাও কাটত করাত দিয়ে। ব্যাঙের ছাতার শেকড়ের ঠিক নীচে করাত চালাত, তারপর সেই ব্যাঙের ছাতা করাত দিয়ে খণ্ড খণ্ড করে কাটত, ছোট ছোট টুকরো করে একেকজন বাড়িতে নিয়ে যেত।


টুকুনরা সবাই যে এক রকম ছিল তা নয়। তাদের একদলকে বলা হত খোকন, অন্য দলকে — খ্কু। খোকনরা সব সময় জ্তোর ওপর লটরপটর ফুলপ্যান্ট পরত, নয়ত কোমরে দড়ি এটে হাফপ্যান্ট পরত। আর খ্কুরা ভালোবাসত রঙচঙে চোখ ধাঁধান ছিটের ফ্রক পরতে। খোকনরা চুলের পরিপাটি পছন্দ করত না, তাই তারা খাটো চুল রাখত, আর খ্কুরা রাখত লন্বা লন্বা চুল — প্রায় কোমর পর্যস্ত। খ্কুরা নানা ছাঁদে চুল বাঁধতে ভালোবাসত, তারা ফিতে জড়িয়ে লন্বা লন্বা বিন্দিন বাঁধত, মাথায় ফুল করে ফিতে বাঁধত। খোকনদের অনেকেরই দেমাক ছিল এই বলে যে তারা খোকন, তাই খ্কুদের সঙ্গে তাদের প্রায় ভাবই ছিল না। এদিকে খ্কুদের দেমাক ছিল এই বলে যে তারা খ্বুক, তারাও খোকনদের সঙ্গে ভাব করতে চাইত না। কোন খ্কু রান্তায় কোন খোকনকে দেখতে পেলে, এমনকি দ্বে থেকে তাকে দেখামান্ত রান্তা পার হয়ে অন্য দিকে চলে যেত। সেটা ভালোই করত, কেননা খোকনদের মধ্যে প্রায়ই এমন অনেককে দেখা যেত যারা



ধীরেস্কে খ্কুদের পাশ দিয়ে চলে খেতে পারত না — তাদের মনে দৃঃখ দিয়ে কিছ্ না কিছ্ একটা বলবেই, এমনকি গায়ে ধাক্কা মারবে, তার চেয়েও খারাপ কথা — বিন্নি ধরে টানবে। অবশ্য সব খোকনই যে এমন ছিল তা নয়, কিন্তু কে কী রকম তা ত আর তাদের গায়ে লেখা নেই! তাই খ্কুরা মনে করত তাদের মুখোমুখি না পড়ে আগে থাকতে রাস্তা পেরিয়ে সরে পড়াই ভালো। এর জন্য অনেক খাকন খ্কুদের বলে থাকে নেকী। কী আমার কথার ছিরি দেখ! আবার অনেক খ্কুও খোকনদের ডানপিটে দিস্যি — এই রকম সব বিচ্ছিরি বিচ্ছির নামে ডাকে।

তোমাদের মধ্যে কেউ কেউ হয়ত সঙ্গে সঙ্গে আপত্তি তুলবে। বলবে এসবই মনগড়া, সত্যিকারের জীবনে এমন খোকাখুকু হয় না। কিন্তু সত্যিকারের জীবনে হয় এমন কথা ত আর আমরা বলছি না! জীবন — সে এক কথা, কিন্তু রুপকথার শহর — সে একেবারেই আলাদা। রুপকথার শহরে সবই হয়।

ঘণ্টাফুল ঘাটের রাস্তার ওপরকার একটা ছোট্ট বাড়িতে থাকত যোলজন টুকুন-খোকন। তাদের সবার ওপরে ছিল চৌকস নামে এক টুকুন-খোকন। তাকে চৌকস বলা হত এই জন্য যে সে অনেক জানত। আর অনেক যে জানত তার কারণ এই যে সে এটা ওটা নানা বইপর্নাথ পড়ত। তার টেবিলের ওপরে, টেবিলের নীচে, খাটের ওপরে, খাটের নীচে





সর্বত্র বইপ্থির ছড়াছড়ি।
তার ঘরে এমন কোন জায়গা
ছিল না যেখানে বই থাকত না।
বই পড়ে পড়ে চৌকস হয়েছিল
দার্ণ ব্দিমান। তাই সবাই
তাকে মান্যি করত, তাকে বড়
ভালোবাসত। সে সব সময় পরে
থাকত কালো কোটপ্যান্ট, আর
চেয়ার টেবিলে বসে চোখে চশমা
এ'টে যখন সে কোন বই পড়তে
শ্রু করত তখন তাকে
দেখাত হ্বহ্ একজন পশ্ডিতের
মতো।

ঐ একই বাড়িতে থাকত নামজাদা বিটকা-ডাক্তার। টুকুনদের সমস্ত রোগের চিকিৎসা সে করত। তার পরনে সব সময় থাকত সাদা আলখালা, আর মাথায় থোপা লাগানো টোপর। এছাড়া ছিল নাট নামে এক নামী মিস্ত্রী আর তার সাকরেদ বল্টু। ছিল মিস্টার স্যাকারিন সিরাপ। স্যাকারিন সিরাপের নামডাক ছিল এই

জন্য যে সে সিরাপ দিয়ে সোডাওয়াটার খেতে বন্ধ ভালোবাসত। লোকটা খ্বই ভদু। তার ভালো লাগত যথন লোকে তাকে পুরো নাম ধরে ডাকত, কেউ তাকে শ্ব্ধ্ব সিরাপ বলে ডাকলে তার পছন্দ হত না। এই বাড়িতে আরও থাক্ত শিকারী টোটারাম। তার ছিল তুতুরাম নামে একটা ছোটু কুকুর আর ছিল বন্দ,ক। বন্দকে থেকে ছিপির গালি বৃণ্টি হত। ছিল তুলিব্বলি নামে এক আঁকিয়ে. স্কুরতান নামে এক ব্যক্তিয়ে এবং ব্যস্তবাগীশ, বক্কেশ্বর, মোনেশ্বর, পিঠেপরুলি কেবলাকান্ত, আর হয়ত ও নয়ত নামে দুই ভাই — এই রকম আরও সব খোকন। কিন্তু তাদের মধ্যে সবচেয়ে নামজাদা ছিল আনাডি নামে একটি খোকা। সবাই তার নাম দিয়েছিল আনাড়ি, কেননা সে কিছুই







এই আনাড়ি পরে থাকত জনলজনলে নীল রঙের টুপি, ঘিয়ে রঙের হল্দ ফুলপ্যাণ্ট আর সব্জ টাই আঁটা ঘিয়ে রঙের জামা। মোটের ওপর সে ভালোবাসত জনলজনলে রঙ। এই রকম টিয়ে পাখির মতো সেজে আনাড়ি সারাদিন টোটো করে শহরে ঘ্রের বেড়াত, নানা রকম আযাঢ়ে গণ্প ফে'দে সকলকে শোনাত। এছাড়া সে সব সময় খ্কুদের বিরক্ত করত। তাই খ্কুরা দ্রে থেকে তার, ঘিয়ে রঙের জামা দেখামাত্র উলটো দিকে ঘ্রে গিয়ে ঘরবাড়ির আড়ালে গা ঢাকা দিত। আনাড়ির এক বন্ধ্ব ছিল। তার নাম ঝাঁকড়া। সে থাকত ঝুমকোফুল সর্রাণতে। ঝাঁকড়া আর আনাড়ি — দ্টিতে মিলে ঘণ্টার পর ঘণ্টা বকবক করে যেতে পারত। দিনের মধ্যে বিশবার করে তাদের আড়ি হত আর ভাব হত। আনাড়ির নামডাক ছড়িয়ে পড়ে বিশেষ করে একটা ঘটনার পর।





একদিন সে শহরে বেড়াতে বেড়াতে একটা মাঠের মধ্যে এসে পড়ে। আশেপাশে কোন জনপ্রাণী ছিল না। এমন সময় উড়ে এলো একটা কাঁচপোকা। পোকাটা চোখে ভালোমতো দেখতে না পেয়ে উড়তে উড়তে আনাড়ির ওপর গোন্তা খেয়ে এসে পড়ল, তার মাথার পেছনে ঘা মারল। আনাড়ি ডিগবাজী খেয়ে মাটিতে গড়িয়ে পড়ল। পোকাটাও তংক্ষণাৎ উড়ে দ্বের চলে গেল। আনাড়ি ঝট করে উঠে দাঁড়াল, এদিক ওদিক ঘ্রের দেখার চেণ্টা করল কে তাকে ঘা মারল। কিন্তু আশেপাশে কোথাও কেউ ছিল না।

'কে আমাকে ঘা মারল?' আনাড়ি মনে মনে ভাবল। 'ওপর থেকে কোন কিছু, পড়ে। নি ত?'

সে মাথা উচ্চু করে ওপরের দিকে তাকাল, কিন্তু ওপরেও কিছু দেখা গেল না। কেবল আনাড়ির মাধার ওপর ঝলমল করছিল সূর্য।

আনাড়ি তখন ভেবেচিন্তে ঠিক করে নিল, 'তাহলে সূর্য থেকেই কিছু একটা খসে পড়েছিল আমার মাথার ওপর। হয়ত বা সূর্য থেকে একটা টুকরো ভেঙে পড়ে আমার মাথায় ঘা মারে।'

সে বাড়ি চলল। এমন সময় তার সঙ্গে দেখা হয়ে, গেল পরকলা নামে জানাশোরা একজনের।

এই পরকলা ছিল নামজাদা জ্যোতির্বিদ।
শৈশিবোতলের ভাঙা টুকরো থেকে সে ছোট
জিনিসকে বড় দেখার পরকলা বা কাচ বানাতে
পারত। ঐ কাচের ভেতর দিয়ে যে-কোন
জিনিসকে দেখলে তাকে বড় বলে মনে হত।
এরকম কয়েকটা কাচ দিয়ে পরকলা বানিয়েছিল
একটা বিশাল চোঙ — দ্রবীন, যার ভেতর
দিয়ে চাঁদ আর তারা দেখা যেত। এই ভাবে
সে হয়েছিল জ্যোতির্বিদ।

আনাড়ি তাকে বলল, 'শোন্রে পরকলা. কী কাণ্ড হয়েছে জানিস! সূর্য থেকে টুকরো থসে পড়ে আমার মাথায় ঘা মেরেছে।'

'কী যেঁ বলিস আনাড়ি!' হাসতৈ হাসতে বলল পরকলা। 'স্য' থেকে ষদি টুকরো খসে পড়ত তাহলে তুই চি'ড়েচেপটা হয়ে ষেতিস। স্য' অনেক বড় কিনা। আমাদের এই গোটা





পৃষ্ণি বতটা, তার চেয়েও বড়।'

তা হতে পারে না,' আনাড়ি জবাব দিল। 'আমার মনে হয় সূর্য একটা থালার চেয়ে বড় হবে না।'

'ওটা আমাদের কেবল মনে হয়, কেননা স্ব আমাদের কাছ থেকে অনেক দ্রে। স্ব হল একটা বিরাট গনগনে আগ্রনের গোলা। আমি আমার চোঙার ভেতর দিয়ে দেখেছি। স্ব থেকে াদি এই এভাকন একটা টুকরোও থসে পড়ত তাহলে আমাদের গোটা শহরটাই ধ্বংগ হয়ে যেত।'

'বলিস কাঁ!' আনাড়ি উত্তরে অবাক হয়ে বলল। 'আমি কিন্তু জানতাম না যে স্যাধ এত বড়। যাই দেখি, আমাদের সক্ষলকে গিয়ে বলি — ওরা হয়ত এখনও এটা শোনে নি। তব্ বলি, তুই কিন্তু বাপ্ত তোর চোঙা দিয়ে স্যাটাকে একবার দেখে নিস — বলা যায় না, হয়ত সত্যি সত্যিই ওটা ফোকলা হয়ে গেছে!'



আনাড়ি বাড়ির দিকে চলল আর পথে যার যার সঙ্গে দেখা হল তাদের স্বাইকে বলল: 'স্ফাঁ কেমন তা কি তোমরা জান ভাই? স্ফাঁ আমাদের গোটা পৃথিবীটার চাইতেও বড়। বোঝ কাণ্ড! এইবারে বোঝ ভাই, স্ফাঁ থেকে একটা টুকরো খসে পড়ে উড়তে উড়তে আসছে সোজা আমাদের দিকে। আমাদের ওপর পড়ল বলে, আমাদের সন্বাইকে চেপটে মেরে ফেলবে। কী সাংঘাতিক! যাও না, গিয়ে পরকলাকে জিজ্ঞেস করেই এসো না।

সকলে হাসাহাসি করল। আনাড়িটা যে একটা বাচাল তা কারও জানতে বাকি ছিল না। এদিকে আনাড়ি উধর্মাসে বাড়ির দিকে ছোটে, ছুটতে ছুটতে চেচাতে থাকে:

'রক্ষে নেই ভাই, আর রক্ষে নেই! টুকরো উড়ে আসছে!' 'কিসের টুকরো?' সকলে জিজ্ঞেস করল।





'টুকরো ভাই, টুকরো! সূর্য থেকে টুকরো খসে পড়েছে। শিগগিরই আছড়ে পড়বে — তাহলেই হয়েছে, কাউকে আর দেখতে হবে না। সূর্য কেমন তোমরা জান ত? আমাদের গোটা প্রিবীটার চাইতেও বড়!'

'কী সব বানানো কথা তোর!'

'আমি কিছ্ই বানিয়ে বলছি না। পরকলাই বলেছে। ও নিজের চোঙের ভেতর দিয়ে দেখেছে।'

সকলে ছুটে উঠোনে বেরিয়ে এসে তাকিয়ে তাকিয়ে স্থাকি দেখতে লাগল। তাকিয়ে থাকতে থাকতে শেষ কালে তাদের চোখ দিয়ে জল ঝরতে শ্রু করল। চোখে অন্ধকার দেখার জন্য সবারই মনে হতে লাগল স্থাটা যেন সত্যি সতিয়ই ফোকলা হয়ে গেছে। এদিকে আনাড়ি চে'চিয়েই চলেছে: 'পালাও, পালাও! সর্বনাশ!'

ষে যার নিজের নিজের সম্পত্তি তুলে নিয়ে পালানোর আয়োজন করতে লাগল। তুলিবৃলি তুলে নিল তার রঙ আর তুলি, স্বরতান তার বালালাইকা, বেহালা, পেতলের বিউগল — যত রাজ্যের বাজনার যন্ত্র। বিটকা-ডাক্তার সারা বাড়ি জ্বড়ে তিড়িং বিড়িং করে লাফাতে লাফাতে খ্রুতে লাগল তার ডাক্তারী ব্যাগটা। সেটা যেন কোথায় হারিয়ে গেছে। পিঠেপ্লি তার জ্বতোজোড়া আর ছাতা হাতে নিয়ে ততক্ষণে ফটকের বাইরে ছুটে বেরিয়ে গেছে। এমন সময় শোনা গেল চৌকসের গলা:





'সবাই শাস্ত হও ভাই! ভয়ের কিছ্ন নেই। তোমরা কি জান না যে আনাড়িটা হল একটা বাচাল? এসব ওর বানানো কথা।' 'বানানো কথা?' আনাড়ি চে'চিয়ে বলল। 'আছা, বিশ্বাস না হয় গিয়ে পরকলাকে জিজ্ঞেসই কর না।'

সবাই ছুটে গেল পরকলার কাছে। জানা গেল আনাড়ি সত্যি সত্যিই সব বানিয়ে বলেছে। তথন যা হাসির ধুম পড়ে গেল! আনাড়িকে নিয়ে সকলে হাসাহাসি করতে লাগল, তারা বলল: 'আশ্চর্য হচ্ছি এই ভেবে যে আমরা তোকে বিশ্বাস করলাম কী করে!'

জবাবে আনাড়ি বলল: 'আর আমি যেন আশ্চর্য' হচ্ছি না! আর আমি নিজেই ত বিশ্বাস করে বসেছিলাম।'

এমনই অমৃত এই আনাড়ি।







আনাড়ি ও তার বন্ধদের কাহিনী যদি তোমাদের ভালো লেগে থাকে, তাহলে 'আনাড়ির কাণ্ডকারখানা' সিরিজের অন্যান্য বই পড়ে ফ্লেনগরীর অধিবাসী রূপকথার নায়কদের আরও কাণ্ডকারখানার পরিচয় পেতে পার।